



মানিকগঞ্জ পৌরসভা কার্যালয়, মানিকগঞ্জ

প্রশাসন বিভাগ

সাধারণ শাখা

www.manikganjpourashava.com

স্মারক নং- মাপৌ/প্রশাঃ-সাধাঃ-২০২৫/১৩৫

তারিখ : ০৫/০২/২০২৫ খ্রি.

“মানিকগঞ্জ পৌরসভার সংস্থাপন ও অর্থ বিষয়ক স্থায়ী কমিটি সভার কার্যবিবরণী।”

০১	সভার সভাপতি	ঃ জনাব ডাঃ মোঃ মকছেদুল মোমিন, সভাপতি, সংস্থাপন ও অর্থ বিষয়ক স্থায়ী কমিটি ও সিভিল সার্জন, মানিকগঞ্জ।
০২	সভার নাম	ঃ সংস্থাপন ও অর্থ বিষয়ক স্থায়ী কমিটির সভা।
০৩	সভার তারিখ	ঃ ০৫/০২/২০২৫ইং।
০৪	সভার বার	ঃ বুধবার।
০৫	সভার সময়	ঃ বেলা ১০.০০ ঘটিকা।
০৬	সভার স্থান	ঃ মানিকগঞ্জ পৌরসভার সভাকক্ষ।

সভার উপস্থিতি : (পরিশিষ্ট-ক)

সভার প্রারম্ভে সভার সভাপতি জনাব ডাঃ মোঃ মকছেদুল মোমিন, পৌর কর্মসম্পাদন সহায়তা কমিটির সদস্য ও সিভিল সার্জন, মানিকগঞ্জ- সংস্থাপন ও অর্থ বিষয়ক স্থায়ী কমিটি সকল সদস্যদেরকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি মহোদয় সভার শুরুতে সংস্থাপন ও অর্থ বিষয়ক স্থায়ী কমিটির সহায়ক কর্মকর্তা মোহাম্মদ আমিরুল ইসলাম, প্রধান সহকারী, মানিকগঞ্জ পৌরসভাকে সভার কার্যক্রম গ্রহণের নির্দেশনা প্রদান করেন।


(১) পূর্ববর্তী সভার কার্যবিবরণী পঠন ও দৃষ্টিকরণ : সভাপতির নির্দেশনা মোতাবেক কমিটির সহায়ক কর্মকর্তা গত ১২/১২/২০২৪ খ্রি. তারিখ অনুষ্ঠিত সভার কার্যবিবরণী সকলের উদ্দেশ্যে পাঠ করিয়া শুনান। উক্ত সভার কার্যবিবরণী শ্রবণান্তে উপস্থিত সদস্যগণ বিস্তারিত আলোচনা করেন।

সিদ্ধান্ত : বিস্তারিত আলোচনান্তে বিগত সভার কার্যবিবরণীর উপর কোন প্রকার সংশোধন, পরিবর্তন, পরিমার্জন না থাকায় উল্লেখিত সভার কার্য বিবরণী সর্বসম্মতিক্রমে অনুমোদনের সুপারিশ করা হলো।

ক্রম	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
০১	আলোচনা : ১ : চুক্তিভিত্তিক কর্মচারীদের বেতন বৃদ্ধি সংক্রান্ত আলোচনা : অধ্যকার সভার সহায়ক কর্তকর্তা মোহাম্মদ আমিরুল ইসলাম সভাকে অবহিত করেন যে, চুক্তিভিত্তিক কর্মীদের দাখিলকৃত দুটি আবেদন পত্র পাওয়া গিয়েছে। আবেদন পত্র দুটি সভায় উপস্থাপন করা হয়। তিনি বলেন, মানিকগঞ্জ পৌরসভার চুক্তিভিত্তিক	বিস্তারিত আলোচনান্তে অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ, প্রবিধি-৩ শাখার স্মারক নং- ০৭.০০.০০০০.১৭৩. ৬৬.০৫৯.১৫(অংশ-১)৯৩ তারিখ : ১২/১০/২০২০ খ্রি. দৈনিক ভিত্তিক শ্রমিকদের মুজুরি হার অনুযায়ী ১লা ফেব্রুয়ারি, ২০২৫ খ্রি. মাস হতে আবেদিত প্রতি জন	পৌর নির্বাহী কর্মকর্তা মানিকগঞ্জ পৌরসভা

ক্রম	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
	<p>কর্মচারীগণের মধ্যে গত ০৯/০১/২০২৫ খ্রি. তারিখে জনাব ফারুক হোসেন গং ও গত ১২/০১/২০২৫ খ্রি. তারিখে জনাব আ: করিম গং বেতন বৃদ্ধির জন্য প্রশাসক বরাবরে দুটি আবেদন করেছেন। বেতন বৃদ্ধির বিষয়ে পৌর কর্মসম্পাদন সহায়তা কমিটির সদস্যগণ বলেন বর্তমান বাজার মূল্য উর্দ্ধগতির কারণে চুক্তিভিত্তিক কর্মচারীগণ যে বেতন পায় তা দিয়ে তাদের জীবনমান পরিচালনা করা কষ্ট সাধ্য। তাই মানবিক দিক বিবেচনায় চুক্তিভিত্তিক কর্মচারীদের বেতন বৃদ্ধি করা প্রয়োজন। সহায়ক কর্মকর্তা অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ, প্রবিধি-৩ শাখার স্মারক নং- ০৭.০০.০০০০.১৭৩.৬৬.০৫৯.১৫(অংশ-১)৯৩ তারিখ : ১২/১০/২০২০ খ্রি. দৈনিক ভিত্তিক শ্রমিকদের মুজুরি হার পুনঃনির্ধারণের পত্রটি সভায় উপস্থাপন করেন এবং বলেন যেহেতু চুক্তিভিত্তিক কর্মচারীদের দৈনিক বেতনের হার নির্ধারণের কোন আইন/বিধিমালা নেই। সে প্রেক্ষিতে অর্থ মন্ত্রণালয়ের জারিকৃত শ্রমিক কর্মচারীর মুজুরীর হার বাস্তবায়ন করা যেতে পারে। অদ্যকার সভায় উপস্থিত সকল সদস্যগণ অর্থ মন্ত্রণালয়ের সার্কুলার নিয়ে বিস্তারিত আলোচনা করেন।</p>	<p>চুক্তিভিত্তিক শ্রমিক কর্মচারীর বেতন দৈনিক ৫০০/= (পাঁচশত) টাকা হারে নির্ধারণের সুপারিশ করা হলো।</p>	

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভায় সমাপ্তি ঘোষণা করেন।



(ডাঃ মোঃ মকছেদুল মোমিন)
সভাপতি

সংস্থাপন ও অর্থ বিষয়ক স্থায়ী কমিটি

ও

সিভিল সার্জন, মানিকগঞ্জ।

তারিখ : ০৫/০২/২০২৫ খ্রি.

স্মারক নং- মাপৌ/প্রশাঃ-সাধাঃ-২০২৫/১৩৫

অনুলিপি অবগতি জন্য প্রেরণ করা হলো :-

০১। প্রশাসক, মানিকগঞ্জ পৌরসভা।

০২। জনাব..... সদস্য সংস্থাপন ও অর্থ সংক্রান্ত স্থায়ী কমিটি, মানিকগঞ্জ পৌরসভা।

০৩। পৌর নির্বাহী কর্মকর্তা, মানিকগঞ্জ পৌরসভা।

০৪। অফিস কপি।



সভাপতি

সংস্থাপন ও অর্থ বিষয়ক স্থায়ী কমিটি

ও

সিভিল সার্জন, মানিকগঞ্জ।